

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪১২৩(আগরতলা, ১২।২)
বিলোনীয়া, ১২ ফেব্রুয়ারি, ২০১৯
বিলোনীয়ায় ২৪ ফেব্রুয়ারি থেকে শুরু হচ্ছে
হস্ত তাঁত বস্ত্র মেলা

হস্ত তাঁত, হস্ত কারু ও রেশম শিল্প দপ্তরের উদ্যোগে ১৪ দিনব্যাপী হস্ত তাঁত বস্ত্র মেলা আগামী ২৪ ফেব্রুয়ারি থেকে বিলোনীয়া টাউন হল প্রাঙ্গণে শুরু হবে। চলবে ৯ মার্চ পর্যন্ত। ২৪ ফেব্রুয়ারি বিকেল ৪ টায় এই মেলার আনুষ্ঠানিক সূচনা হবে। এই মেলাকে সফল করে তোলার লক্ষ্যে গত ১০ ফেব্রুয়ারি বিলোনীয়া সার্কিট হাউসে বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিকের সভাপতিত্বে মেলা প্রস্তুতি কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ভারতচন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভুলন ধর, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন শুক্লা দেব সরকার, সমাজসেবী গৌতম সরকার সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভা থেকে বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিককে চেয়ারম্যান ও বিলোনীয়া মহকুমা শাসক গুনছা সানোবরকে আহ্বায়ক করে একটি কমিটি ও পাঁচটি উপকমিটি গঠন করা হয়।
